

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩২৮

আগরতলা, ২৪ এপ্রিল, ২০২৫

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

‘দেশলাইয়ের বাক্সে পরিণত সোনামুড়া’ শিরোনামে ০৭-০৪-২০২৫ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত সংবাদের প্রতি সোনামুড়া নগর পঞ্চায়েতে কর্তৃপক্ষের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। এবিষয়ে নগর পঞ্চায়েতের পক্ষ থেকে এক স্পষ্টিকরণ দেওয়া হয়েছে। স্পষ্টিকরণে সোনামুড়া নগর পঞ্চায়েতের কার্যনির্বাহী আধিকারিক জানিয়েছেন, ১৯৭৯ সালে প্রতিষ্ঠিত সোনামুড়া নগর পঞ্চায়েত ভারত-বাংলাদেশ সীমান্তে এক ছোট শহর। এই নগর পঞ্চায়েতের এলাকা হচ্ছে ৪.১৩ বর্গকিমি, যেখানে ১৩, ১১৭ জন লোকের বাস। ১৩টি ওয়ার্ড রয়েছে। মোট ৩৪৭৩ পরিবারের মধ্যে ১৭৭৪টি পরিবার দারিদ্র্যসীমার নীচে রয়েছেন।

এলাকা ছোট হলেও সোনামুড়া নগর পঞ্চায়েত এলাকার জনগণের শিক্ষা, স্বাস্থ্য, আবাসন, স্বাস্থ্যবিধি, খেলাধুলা ও সংস্কৃতির বিকাশে যথাসাধ্য প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। পানীয়জল, স্ট্রিট লাইট, সড়ক ও নর্দমা পরিষ্কার রাখা, এগুলির নির্মাণ ও মেরামত ও অন্যান্য বিভিন্ন উন্নয়নমূলক পরিমেবা দিয়ে চলেছে। সোনামুড়া নগর পঞ্চায়েত তার সীমিত ক্ষমতা ও পরিকাঠামোর মধ্যেও নাগরিকদের যথাসাধ্য নগর এলাকার পরিমেবা দেওয়ার চেষ্টা করছে। বিভিন্ন উন্নয়নমূলক কাজের জন্য পরিকল্পনাও নাগরিকদের সাথে আলাপ আলোচনা করেই তৈরি হচ্ছে।

শিক্ষার জন্য এই নগর পঞ্চায়েত এলাকায় রয়েছে ৩০টি হায়ার সেকেন্ডারি বিদ্যালয়, ১টি বিদ্যাজ্যোতি স্কুল, ১টি হাই স্কুল, ১টি এস.বি. স্কুল, ৩০টি প্রাইমারি স্কুল এবং ১টি সরকারি ডিগ্রি কলেজ। খেলাধুলা ও সংস্কৃতির বিকাশে রয়েছে ১টি অডিটোরিয়াম যার বসার আসন সংখ্যা হচ্ছে ১১৭৬টি, রয়েছে এ.সি., রয়েছে নগর পঞ্চায়েত কনফারেন্স হল, তামসাবাড়ি ওপেন স্টেজ, ঠাকুরমুড়া ওপেন স্টেজ, সিনিয়র সিটিজেন পার্ক, টাউনহলের নিকট ফুলের বাগান, একাধিক সাংস্কৃতিক সংস্থা ইত্যাদি। সোনামুড়া স্পোর্টিং অ্যাসোসিয়েশন গ্রাউন্ড হচ্ছে গোটা জেলায় সবচেয়ে পুরোনো স্টেডিয়াম। এছাড়াও আরও কিছু খেলার মাঠ রয়েছে যেখানে ছাত্রছাত্রী ও খেলোয়াড়ো অনুশীলন করতে পারেন।

ব্যবসা বাণিজ্যের সুবিধার্থে রয়েছে বিভিন্ন বাজার। যেমন সোনামুড়া পাইকারি বাজার, পাইকারি ধানের বাজার, মাছ ও মাংস বাজার, হকার্স কর্নার মার্কেট, সুপার মার্কেট, মার্কেট স্টলস, রবিন্দ্র চৌমুহনি, দৈনিক বাজার, মধ্যবাজার, ইন্দিরা মার্কেট, বিজ চৌমুহনি, ঠাকুরমুড়া চৌমুহনি, টাউন হল সংলগ্ন মার্কেট স্টল, ধলিয়াই ইত্যাদি এলাকা।

তাছাড়াও সোনামুড়ার সৌন্দর্যায়নের জন্য বেশ কয়েকটি প্রকল্পের প্রস্তাব জমা দেওয়া হয়েছে টুড়া-এর কাছে। তারমধ্যে রিজার্ভ ট্যাঙ্ক সৌন্দর্যায়নের জন্য এবছর ২ কোটি টাকার প্রকল্প মঞ্চুর হয়েছে এবং শীত্বাত প্রকল্পটি বাস্তবায়ন করা হবে।
